# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 14 April, 2025

কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলার  কচাকাটা থানা এলাকায় বিদ্যুৎস্পৃষ্টে রাকিব হাসান নামে সপ্তম শ্রেণির এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে।

পহেলা বৈশাখের দিন দুপুরে চর টেপার কুটি উত্তর পাড়া এলাকায় ঘটনাটি ঘটে।নিহত রাকিব ওই এলাকার ডাক্তার আব্দুল মান্নানের।

স্থানীয়রা জানান, নতুন বাড়িতে বিদ্যুৎ সংযোগের কাজ করার সময় রাকিব বিদ্যুতায়িত হলে তাকে হাসপাতালে নেয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

কচাকাটা থানার অফিসার ইনচার্জ ওসি নাজমুল আলম জানান, মরদেহ দানের জন্য পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

বিদ্যুৎস্পৃষ্ট মৃত্যু পহেলা বৈশাখ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:50

URL: https://www.timestodaybd.com/public/rangpur/786775807